দৈনিক জনকণ্ঠ
NOV. 26 2000
33
তারিখ ...............
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টে অর্ধশত প্রকৌশলীর পদ শূন্য ॥ কাজকর্মে বিঘ্ন সৃষ্টি

**শরিফুজ্জামান পিন্টু** ॥ শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট এখন ভারপ্রাপ্ত, চলতি দায়িত্ব ও শূন্যপদ নিয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীসহ এই ডিপার্টমেন্টের প্রায় অর্ধশত প্রকৌশলীর পদ শূন্য রয়েছে বা চলতি দায়িত্বে কাউকে দিয়ে কাজ চালিয়ে নেয়া হচ্ছে। বর্তমান ওয়ার্কলোড অনুযায়ী যেখানে এই ডিপার্টমেন্টে অতিরিক্ত লোক প্রয়োজন সেখানে অনুমোদিত পদের গুরুত্বপূর্ণ পদগুলোই শূন্য থাকায় কাজে-কর্মে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী প্রশান্ত কুমার বিশ্বাস এ কথা স্বীকার করে বলেছেন যে, ফ্যাসিলিটিজকে সুদক্ষ প্রকৌশল বিভাগ হিসাবে আত্মপ্রকাশ করা এবং সরকারের বরাদ্দ করা বিপুল অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য জনবল কাঠামোসহ বিভিন্ন বিষয়ে আমূল সংস্কার প্রয়োজন। তিনি দাবি করেন যে, দায়িত্ব গ্রহণের পর তিনি অনিয়ম ও দুর্নীতি বন্ধে কিছু পদক্ষেপ নিয়ে সফল হয়েছেন। দেশের সর্বত্র এখন লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন চলছে বলে তিনি জানান। প্রশান্ত কুমার বিশ্বাস বলেন, কারও মর্জি, ইচ্ছা বা অনিচ্ছার ওপর ঠিকাদার নির্বাচন হচ্ছে না। তদ্বির বা রাজনৈতিক চাপও এখন নেই।

জানা যায়, ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের প্রধান প্রকৌশলীর পদটি গত প্রায় দশ বছর ধরে শূন্য রয়েছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী এসএসএমএ মান্নান বিগত ১০ বছর এই ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী হিসাবে দায়িত্ব পালনকালে দুর্নীতির অভিযোগে গত ২৭ জুলাই তাকে ওএসডি করা হয়। সরকার এলজিইডির প্রধান প্রকৌশলী মনোয়ার হোসেন চৌধুরীকে ফ্যাসিলিটিজ বিভাগের প্রধান প্রকৌশলী হিসাবে নিয়োগ দেয়। বিগত তিন মাসেও মনোয়ার হোসেন চৌধুরী দায়িত্ব গ্রহণ করেননি। এদিকে সরকার তার নিয়োগ বাতিলও করেনি। রাজস্ব খাতে স্থানান্তরের প্রক্রিয়াধীন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদের প্রশান্ত কুমার বিশ্বাস ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীর দায়িত্ব পালন করছেন। আগামী ৪ জানুয়ারি ৫৭ বছর বয়স পূর্ণ হওয়ায় তিনি এলপিআরে যাবেন। তিনি চাকরির মেয়াদ দু'বছর বৃদ্ধি করে প্রধান প্রকৌশলী হিসাবে নিয়োগ পাবার আবেদন জানিয়েছেন। তিন মাস দায়িত্ব পালনকালে তিনি ডিপার্টমেন্টের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে জনপ্রিয়তা লাভ করেছেন এবং অনিয়ম ও দুর্নীতি বন্ধে বেশকিছু পদক্ষেপ নিয়েছেন। সূত্র জানায়, প্রধান প্রকৌশলী হিসাবে তাঁর নিয়োগের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

এদিকে ডিপার্টমেন্টে রাজস্ব খাতের একমাত্র তত্ত্বাবধায়ক প্রকৌশলীর পদটি বর্তমানে শূন্য রয়েছে। এসএসএমএ মান্নান ওএসডি হওয়ায় পদটি শূন্য হয়ে পড়েছে। রাজস্ব খাতে স্থানান্তরের প্রক্রিয়াধীন দু'টি তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদের একটি থেকে গত মে মাসে আব্দুল মোমিন অবসর নিয়েছেন। অপর পদে অধিষ্ঠিত প্রশান্ত কুমার বিশ্বাস ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীর দায়িত্ব পালন করছেন। রাজস্ব খাতের আটটি নির্বাহী প্রকৌশলী পদে কর্মরতদের সকলের বয়স ২৭ বছরের উর্ধে। রাজস্ব খাতে প্রক্রিয়াধীন নির্বাহী প্রকৌশলীর ১০টি পদের ছয়টিতে যারা কর্মরত তাদের বয়স ২৭ বছরের উর্ধে। বাকি চারটি নির্বাহী প্রকৌশলী পদে চারজন সহকারী প্রকৌশলী দায়িত্ব পালন করছেন। এ ছাড়া রাজস্ব পদভুক্ত ৩০ সহকারী প্রকৌশলীকে প্রকল্পভুক্ত নির্বাহী প্রকৌশলী পদে চলতি দায়িত্ব দেয়া হয়েছে। উন্নয়ন প্রকল্পের ২৫টি সহকারী প্রকৌশলী পদের ১০টির মেয়াদ গত জুনে উত্তীর্ণ হয়ে গেছে।

সূত্র জানায়, ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টকে দক্ষ ও গতিশীল করার জন্য পাঁচটি প্রস্তাব সরকারের কাছে পাঠানো হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে প্রধান প্রকৌশলীর পদ পূরণ, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দু'টি শূন্যপদ জ্যেষ্ঠতার ভিত্তিতে পূরণ, নির্বাহী প্রকৌশলীর চলতি দায়িত্বে নিয়োজিত সহকারী প্রকৌশলীদের জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি দিয়ে নিয়মিতকরণ, প্রকল্পভুক্ত পদগুলো অতিসত্বর রাজস্ব খাতে নিয়মিত করে প্রকৌশলীদের মধ্যে কর্মউদ্দীপনা সৃষ্টি এবং আগামী ১০ বছরের কার্যপরিধি বিবেচনা করে ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের জন্য পূর্ণাঙ্গ অরগানোগ্রাম অনুমোদন করা।